



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা  
www.publiclibrary.gov.bd

১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.২৮৭

**বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও পুস্তক প্রদর্শনী।**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে রচনা, বইপাঠ ও ০২ (দুই) দিনব্যাপী পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	তারিখ ও সময়
১	উন্মুক্ত	দ্রোহ ও প্রেমের কবি নজরুল	১২০০	২২/০৫/২০২৩ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত

খ) বইপাঠ প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার পুস্তক	তারিখ ও সময়
১	ক	অষ্টম-দ্বাদশ	গণগ্রন্থাগারে সংরক্ষিত নজরুল বিষয়ক	২২/০৫/২০২৩ খ্রি.
২	খ	স্নাতক-স্নাতকোত্তর	পুস্তকসমূহ	সকাল ১০:০০ টা

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

গ) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পুস্তক প্রদর্শনী : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগার কার্যালয় চত্বরে ০২ (দুই) দিনব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ২৩.০৪.২০২৩ তারিখ ও ২৪.০৫.২০২৩ তারিখ (প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

**শর্তাবলি :**

- ১ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড সংগে আনতে হবে।
- ২ রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ৩ রচনাপত্রে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪ বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গ্রন্থাগারের হতে হবে এবং নির্ধারিত ফরম পূরণ করতে হবে।
- ৫ রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।



১৫-০৫-২০২৩

খন্দকার আসিফ মাহতাব

সহকারী পরিচালক

+৮৮০২২২২২২৯৪৮৮

kamp.addpl@gmail.com

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ২। সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৩। সকল কর্মকর্তা, গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার;
- ৪। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৫। সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
- ৬। গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ে অবস্থিত সরকারি গণগ্রন্থাগারসমূহ (সকল) এবং
- ৭। ইন-চার্জ, শাখা সরকারি গণগ্রন্থাগার (সকল)।

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.২৮৭/১ (১)

তারিখ: ১ জ্যেষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

- ১। লাইব্রেরি সহকারী, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর।





১৫-০৫-২০২৩

খন্দকার আসিফ মাহতাব

সহকারী পরিচালক